



স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/৩৯৭৬

তারিখ: ০২ কার্তিক ১৪২৪
২৭ অক্টোবর ২০১৭

প্রাপক ঃ
অধ্যক্ষ,(সাময়িক বরখাস্ত)
চাইরবাড়িয়া ফাজিল মাদরাসা।
গফরগাঁও, ময়মনসিংহ।

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের দায়েরকৃত রিট পিটিশন নং ৬৪১১/১৬ এর আদেশ মোতাবেক ১১/০৪/২০১৬ ইং তারিখের অধ্যক্ষের সাময়িক বরখাস্তের আবেদনটি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

জনাব,

আপনি ১১/০৪/১৬ ইং তারিখে আপনার সাময়িক বরখাস্তের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে ভাইস-চ্যান্সেলর ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা বরাবর আবেদন দাখিল করেছেন। আবেদনটি নিষ্পত্তির জন্য বিশ্ববিদ্যালয় আপনাকে ও মাদরাসার গভর্নিং বডিকে বিভিন্ন তারিখে ০৫টি পত্র প্রেরণ করেছেন। পরবর্তীতে গত ১৬-১০-২০১৭ ইং তারিখে শুনানীর দিন নির্ধারণ করা হয়। ধার্যকৃত তারিখে আপনি উপস্থিত হন। কিন্তু অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) উপস্থিত হননি। শুনানীর সময় রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা আপনাকে বরখাস্তের কারণ ও ১১/০৪/২০১৬ ইং তারিখের আবেদনের দাবী স্বপক্ষে আইনগত তথ্য উপস্থাপন করতে বলা হলে আপনি যুক্তিসঙ্গত কোন তথ্য উপস্থাপন ও উত্তর প্রদান করতে ব্যর্থ হয়েছেন। প্রকৃতপক্ষে, আপনার আবেদনে দাবীকৃত তথ্য বিধি সম্মত নয়। কারণ আপনি আবেদনে উল্লেখ করেছেন যে, “ফৌজদারী মামলার কারণে কোন বেসরকারী স্কুল, কলেজ ও মাদরাসার শিক্ষক-কর্মচারীদের সাময়িক বরখাস্ত করার কোন বিধান নাই এবং বাংলাদেশ সার্ভিস রুলস পাট ১,২ বেসরকারী প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য নয়”। অথচ ২০০৬ সালের অর্ডিন্যান্সের ৩.২(ঘ)এ উল্লেখ আছে যে, “শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ছুটি, শাস্তিমূলক ব্যবস্থা, বেতন-ভাতা, অবসর ভাতা ও গ্রাচুয়িটি সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয় ও সরকারী চাকুরী বিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে”। বাংলাদেশ সার্ভিস রুলস বিধি ৭৩ এর নোট (২) তে উল্লেখ আছে যে, “ফৌজদারী অভিযোগ অথবা দেনার দায়ে জেলে আটক সরকারী কর্মচারী গ্রেফতার হওয়ার দিন হইতে সাময়িক বরখাস্ত বলিয়া বিবেচিত হইবেন এবং বিচার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত বিধি ৭১ এর বিধান মোতাবেক খোরপোষ ভাতা পাইবেন”। আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ মাদরাসা প্রাঙ্গনে শহীদ মিনার ভেঙ্গে পুকুরে ফেলার বিষয়ে পত্রিকায় খবর প্রকাশ হলে মহামান্য হাইকোর্ট সু-মুটু রুল ইস্যু করেন এবং আপনি গ্রেফতার হন। বর্তমানে উক্ত চলমান মামলায় আপনি চার্জশীট ভুক্ত আসামী।

এমতাবস্থায় বাংলাদেশ সার্ভিস রুলস এর ৭৩ বিধির নোট(২) মোতাবেক ফৌজদারী মামলার বিচার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত আপনার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহারের কোন সুযোগ নেই।

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
iaudhaka@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/৩৯৭৬ (৬)

তারিখ: ২৭/১০/২০১৭

অনুলিপি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
২. উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গফরগাঁও ময়মনসিংহ।
৩. এ্যাড. জেসমিন সুলতানা(শামসাদ), আইন উপদেষ্টা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৪. বাদীর আইনজীবী, এ্যাড. হুমায়ন কবির, রুম নং-৫০৫(এনেক্স এক্সট্রা) এবং ৩০২১(এনেক্স) সুপ্রীমকোর্ট বার এসোসিয়েশন, ঢাকা-১০০০
৫. অধ্যক্ষ(ভারপ্রাপ্ত), চাইরবাড়িয়া ফাজিল মাদরাসা, গফরগাঁও, ময়মনসিংহ।
৬. আইন শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৭. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (পত্রটি অনলাইনে প্রকাশের জন্য)।
৮. অফিস কপি।

উপ-রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়